

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ফেব্রুয়ারি ১৯, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

অবা-১ শাখা

আদেশ

তারিখ : ০৬ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ/১৯ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং-৪৭-আইন/২০২৩।—সরকার, Imports and Exports (Control) Act, 1950 (Act No. XXXIX of 1950) এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে, আমদানি নীতি আদেশ, ২০২১—২০২৪ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত আদেশের—

(১) অনুচ্ছেদ ২৩ এর উপ-অনুচ্ছেদ (২৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (২৪) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(২৪) বাংলাদেশে খাদ্যদ্রব্য আমদানির ক্ষেত্রে উক্ত খাদ্যদ্রব্যের মধ্যে পরিশিষ্ট-৪ এ অন্তর্ভুক্ত খাদ্যদ্রব্য বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই) এর নির্ধারিত ফরমে বিএসটিআই এবং অন্যান্য খাদ্যদ্রব্যের ক্ষেত্রে বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর) বা বাংলাদেশ রেফারেন্স ইনস্টিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস (বিআরআইসিএম) বা বাংলাদেশ এক্রিডিটেশন বোর্ড (বিএবি) কর্তৃক অনুমোদিত (accredited) ল্যাব যাহা খাদ্য ব্যবসার সহিত জড়িত নহে, বা সরকার কর্তৃক অনুমোদিত ল্যাবরেটরি মনুষ্য খাদ্যের উপযুক্ততা বিষয়ে ছাড়পত্র প্রদান করিবে।”;

(২) অনুচ্ছেদ ২৫ এর—

(ক) উপ-অনুচ্ছেদ (১) এর দফা (খ) এ উল্লিখিত “ও ৩৮.০৮” শব্দ ও সংখ্যা বিলুপ্ত হইবে; এবং

(২৪৩৫)

মূল্য : টাকা ৪.০০

- (খ) উপ-অনুচ্ছেদ (৪৬) এর পরিবর্তে নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (৪৬) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(৪৬) **কাঁচাতুলা**—Western Hemisphere-ভুক্ত দেশ বা এলাকায় উৎপাদিত এবং প্যাকিংকৃত কাঁচাতুলা রপ্তানিকারক দেশের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক SPS (Sanitary and Phytosanitary) সনদ এবং Boll Weevil free সনদ দাখিল সাপেক্ষে, আমদানি করা যাইবে, তবে উক্ত সনদ দুইটি দাখিল করা না হইলে ফিউমিগেশন বাধ্যতামূলক হইবে।”;

- (৩) পরিশিষ্ট-১ এর নিয়ন্ত্রিত পণ্যের তালিকা এর ‘ক’ অংশের কলাম (১) এ উল্লিখিত ক্রমিক নং ৮ এর বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত “৮৮.১১” সংখ্যার পরিবর্তে “৮৭.১১” সংখ্যা প্রতিস্থাপিত হইবে।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মিরাজুল ইসলাম উকিল**  
যুগ্মসচিব।